

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২২ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের
নৈতিকতা কমিটির ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১) সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মশুক মিয়া মহাপরিচালক
সভার তারিখ	২৩ সেপ্টেম্বর, বৃহস্পতিবার ২০২১।
সভার সময়	বেলা ১০.৩০ ঘটিকা।
স্থান	বাহাজউঅ সভা কক্ষ।
উপস্থিতি	সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।

সভাপতি সকলকে স্বাগত জানান এবং অধিদপ্তরের উপপরিচালক (পরিকল্পনা, আইসিটি) কে আলোচনার আহবান জানান। উপপরিচালক (পরিকল্পনা, আইসিটি) জানান, ২০২১-২২ অর্থবছরে নৈতিকতা কমিটির এটি ১ম সভা। তিনি জানান যে, গত ২০২০-২১ অর্থবছরে এ অধিদপ্তরের শুদ্ধাচার কৌশল পরিবীক্ষণ কাঠামো অনুযায়ী মন্ত্রণালয় কর্তৃক মূল্যায়ন করার জন্য ইতোমধ্যে প্রমাণক প্রেরণ করা হয়েছে। প্রমাণকের ভিত্তিতে স্কোর মূল্যায়ন করা হবে। উপপরিচালক (প্রশাসন ও অর্থ) জানান যে, স্বাস্থ্য সুরক্ষা সম্পর্কিত ব্যবহার্য দ্রব্য অফিসের সকল কর্মকর্তা/কর্মচারি এবং আগত দর্শনার্থীদের মাঝে ব্যবহার নিশ্চিতকরণসহ অফিস কক্ষসমূহে ও অফিস প্রাঙ্গনে পরিষ্কার পরিচ্ছন্নতা বিষয়ে নিয়মিতভাবে তদারকি ও মনিটরিং করার জন্য ইতোমধ্যে মনিটরিং কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটি কাজের স্থিরচিত্র ধারণ ও সংরক্ষণ করবে এবং প্রতি ৩ (তিন) মাস অন্তর এ সম্পর্কিত প্রতিবেদন মহাপরিচালক বরাবর প্রদান করবে। তিনি আরো জানান যে, অফিসের সকল কর্মকর্তা-কর্মচারীদের কোয়ার্টার ভিত্তিক বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। তাছাড়া, ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রনয়ণ করে অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোড করা হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ১। আগামী ৩০ সেপ্টেম্বরের মধ্যে দুর্নীতি প্রতিরোধে কর্মকর্তা/কর্মচারীদের উদ্বুদ্ধকরণ বিষয়ে প্রশিক্ষণ আয়োজন করতে হবে;
- ২। অফিস কক্ষসমূহ এবং অফিস প্রাঙ্গন পরিষ্কার পরিচ্ছন্ন রাখার নিমিত্ত এ বিষয়ে গঠিত কমিটি নিয়মিতভাবে তদারকি ও মনিটরিংকরবে এবং প্রতি ৩ (তিন) মাস অন্তর এ সম্পর্কিত প্রতিবেদন মহাপরিচালক বরাবর দাখিল করবে;
- ৩। ৩০ সেপ্টেম্বরের মধ্যে উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এবং সহকারী পরিচালক (পরিকল্পনা, আইসিটি) তাদের নিজ নিজ শাখা সমূহ পরিদর্শন করবে;
- ৪। অত্র অফিসের পুরাতন মালামালের তালিকা প্রস্তুত ও পর্যায়ক্রমে নিলাম বিক্রয়ের কার্যক্রম সম্পন্ন করবে; এবং
- ৫। পুরাতন ও অকেজো মালামাল নিলাম বিক্রয়ের নিমিত্ত উপপরিচালক (পরিকল্পনা, আইসিটি) কে আহবায়ক করে ওয়ারপো ও যৌথ নদী কমিশনের প্রতিনিধি সমন্বয়ে ৪ সদস্য বিশিষ্ট মূল্য নির্ধারণ কমিটি এবং পরিচালক (পরিকল্পনা, আইসিটি) কে আহবায়ক করে ওয়ারপো এবং নদী গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি সমন্বয়ে ৪ সদস্য বিশিষ্ট নিলাম বিক্রয় কমিটি গঠনের আদেশ জারি করতে হবে;
- ৬। চলতি অর্থবছরের কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন প্রস্তুত করে আগামী মাসের ১ম সপ্তাহের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ এবং ওয়েব সাইটে আপলোড করতে হবে।

সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মাসুক মিয়া
মহাপরিচালক


স্মারক নম্বর: ৪২.০৪.০০০০.০১৩.১৬.৪১৭.১৯.৬১

তারিখ: ৮ আশ্বিন ১৪২৮

২৩ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, পরিকল্পনা, আইসিটি বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ২) পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৩) পরিচালক, কৃষি, পানি ও পরিবেশ বিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৪) উপ-পরিচালক, পরিকল্পনা অনুবিভাগ, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৫) সহকারী পরিচালক, পরিকল্পনা ও পরিবীক্ষণ শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৬) সহকারী পরিচালক, প্রশাসন শাখা, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৭) সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়
- ৮) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর
- ৯) ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর(ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)



নুরজাহান খানম
উপ-পরিচালক